31 JUL 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৮

# কাজী মোতাহার হোসেন পদক পেলেন ৬ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় ভালো ফলের স্বীকৃতি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের ৬ জন শিক্ষার্থীকে কাজী মোতাহার হোসেন পদক ও বৃত্তি প্রদান করা হয়েছে। গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে কৃতী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন ঢাবি উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।

অনুষ্ঠানে সমকালীন প্রেক্ষাপটে কাজী মোতাহার হোসেন রচনা প্রতিযোগিতায় ৩ শিক্ষার্থীকেও পুরস্কৃত করা হয়। অধ্যাপক কাজী মোতাহার হোসেনের ১২০তম জন্মবার্ষিকী উপলক্ষে কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন, পরিসংখ্যান বিভাগ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে।

ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক সন্‌জীদা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে 'তিন অধ্যাপক : এক জীবনাদর্শ' শীর্ষক স্মারক বক্তৃতা পাঠ করেন লিয়াকত আলী খান ও আবদুস সবুর চৌধুরী। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অধ্যাপক এমএ জলিল এবং অধ্যাপক মো. ইশরাত রায়হান। অনুষ্ঠান সঞ্চালনা করেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক কাজী রওনাক হোসেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন তাসমিয়া সাদ সুতপা, মাইনুল ইসলাম, রওনাক জাহান তামান্না, রেজোয়ান হক, অভিজিত চন্দ্র অধিকারী ও নাসরিন লিপি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর